

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা

(রাজস্ব শাখা)

www.demagura.gov.bd

ভিপি বীশকোঠা দোহা জলমহাল নিলাম বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি বাবস্থাপনা ও বিলি বন্দোবস্ত নীতিমালা অনুযায়ী মাগুরা সদর উপজেলাধীন নিম্নতফসিল বর্ণিত ভিপি বীশকোঠা দোহা জলমহাল ১৪৩১ হতে ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে লীজ প্রদানের লক্ষ্যে আগামী ২৭.০৩.২০২৪ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিসকক্ষে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। নিলাম ডাকে আগ্রহী মৎসাজীবী সমবায় সমিতি লিঃ/ব্যক্তিগণ ধার্য তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসকক্ষে হাজির হয়ে নিম্নোক্ত শর্তে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারবেন।

জলমহালের তফসিল ও কাঙ্ক্ষিত ইজারা মূল্য

উপজেলার নাম	জলমহালের নাম	তফসিল	বিগত ০৩ বছরের ইজারার গড় মূল্য	গড় মূল্যের উপর ১৫% বৃদ্ধিতে ১৪৩১ হতে ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত বার্ষিক সরকারি ইজারার ভিত্তি মূল্য
মাগুরা সদর	ভিপি বীশকোঠা দোহা	মৌজা- ৩৬ নং বীশকোঠা এসএ খতিয়ান নং-৬৬, ১১৬৬ দাগ নং- ১৮১৭/২৭২৫, ১৮১৭/২৭২৬ ১৮১৭/২৭২৮, ২৮১০ এবং ১৮১৭/২৭২৩ আয়তন- ৭.৬৮ একর	(১,৮৫,০০০+১,৮৫,০০০+ ১,৮৫,০০০+)=১,৮৫,০০০/-	২,১২,৭৫০/-

শর্তাবলি :

- ১। নিলাম ডাকে যে কোন ব্যক্তি/মৎসাজীবী সমবায় সমিতি লিঃ অংশ গ্রহণ করতে পারবেন। তবে মৎসাজীবী সমবায় সমিতির ক্ষেত্রে সমিতির বৈধ নিবন্ধনপত্র (জেলা সমবায় কর্মকর্তার স্বাক্ষরকৃত) ডাকে অংশগ্রহণের সময় দেখাতে হবে।
- ২। নিলাম ডাকে অংশগ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে নিলাম/লীজ প্রদান করা হবে। সরকারি কাঙ্ক্ষিত মূল্যের চেয়ে ডাকমূল্য কম হলে নিলাম/লীজ প্রদান করা হবে না। এ ক্ষেত্রে পুনরায় নিলাম ডাকের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৩। একাধিক ডাককারীর ডাকমূল্য সমান হলে সে ক্ষেত্রে লটারীর মাধ্যমে একজনকে নির্বাচিত করা হবে।
- ৪। নির্বাচিত সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাকের সাথে সাথে ১ম বছরের অর্থাৎ ১৪৩১ বঙ্গাব্দের লীজমূল্য, ১৫% ভ্যাট ও ১০% আয়করের অর্থ বাবদ যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদান করতে হবে। এছাড়া ডাকমূল্যের (১ম বছরের অর্থাৎ ১৪৩১ বঙ্গাব্দের ডাকমূল্যের উপর) ২৫% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আলাদাভাবে দাখিল করতে হবে। উক্ত জামানতের অর্থ শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।
- ৫। ১৪৩২ ও ১৪৩৩ বঙ্গাব্দের ইজারামূল্য, ১৫% ভ্যাট এবং ১০% আয়কর বাবদ অর্থ প্রতি বছরের পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় নিলাম ডাক বাতিল ও জামানত বাজেয়াপ্ত করা হবে। নিলাম ডাক অনুমোদনের পর লীজগ্রহিতাকে নিজ খরচে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প কর্তৃপক্ষের সাথে চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনের পর লীজগ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া হবে।
- ৬। জলমহালের ইজারা বছরের যে কোন সময় চূড়ান্ত হলেও তার মেয়াদ ১ বৈশাখ ১৪৩১ হতে কার্যকর বলে বিবেচিত হবে। সেক্ষেত্রে পূর্ণ বছরের অর্থ প্রদান করতে হবে।
- ৭। লীজ গ্রহীতা কোন অবস্থাতেই জলমহালের কোন অংশ সাব-লীজ দিতে পারবেন না। সাব-লীজ প্রদান করা হলে লীজ বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
- ৮। অর্পিত সম্পত্তি সংক্রান্ত সরকার কর্তৃক জারীকৃত আদেশের প্রেক্ষিতে কর্তৃপক্ষ যে কোন সময় লীজ বাতিল বা স্থগিত রাখার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৯। নিলাম ডাকের ক্ষেত্রে সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারিকৃত সরকারি বিধানাবলী ডাক/লীজ গ্রহিতাকে মেনে চলতে হবে।



প্রশান্ত কুমার বিশ্বাস
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
মাগুরা

স্মারক নং-০৫.৪৪.৫৫০০.০০৮.১০.০২৬.২৪- ১০৯/১(২০)

তারিখ: ০৪.১১.১৪৩০ বঙ্গাব্দ।
১৮.০৩.২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ২। পুলিশ সুপার, মাগুরা
- ৩। সিভিল সার্জন, মাগুরা
- ৪। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাগুরা
- ৫-৮। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা/শ্রীপুর, মাগুরা।
- ৯। জেলা মৎস্য অফিসার, মাগুরা। অত্র জেলাধীন সকল মৎস্যজীবী সমবায় সমিতির নিকট বিজ্ঞপ্তিটি পৌছানোর জন্য অনুরোধ করা হলো।
- ১০। জেলা সমবায় অফিসার, মাগুরা। অত্র জেলাধীন সকল মৎস্যজীবী সমবায় সমিতির নিকট বিজ্ঞপ্তিটি পৌছানোর জন্য অনুরোধ করা হলো।
- ১১-১৪। সহকারী কমিশনার (ভূমি), মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা/শ্রীপুর, মাগুরা
- ১৫। জেলা তথা অফিসার, মাগুরা। তাঁকে মাইকযোগে জেলার সর্বত্র বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৬। চেয়ারম্যান, আঠারখাদা ইউনিয়ন পরিষদ, মাগুরা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, আঠারখাদা ইউনিয়ন ভূমি অফিস, মাগুরা সদর, মাগুরা। বিজ্ঞপ্তিটি অফিসের নোটিশ বোর্ডে টাঙ্কিয়ে জারির ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং তাঁর ইউনিয়ন অধিক্ষেত্রে সকল হাট-বাজারে তোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা নিতে হবে।
- ১৮। বিগত বছরের ইজারাদার জনাব.....।
- ১৯। ওয়েবসাইড/ নোটিশ বোর্ড


 প্রশান্ত কুমার বিশ্বাস
 অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
 মাগুরা